



নসরুল হামিদ এমপি
প্রতিমন্ত্রী
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও. নং-২৭.০০.০০০০.০০২.১৪.০০১.১৯-৩৪০

তারিখ: ২৮/১১/২০১৯ খ্রিঃ।


বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে বিদ্যুৎ বিভাগ প্রথম স্থান অধিকার করায় সকল কর্মকর্তা-কর্মচারীগণকে অভিনন্দন জ্ঞাপন

প্রিয় মহশুবি,

আমার আন্তরিক শুভেচ্ছা গ্রহণ করবেন। ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আওতায় গৃহীত কার্যক্রম বাস্তবায়নে বিদ্যুৎ বিভাগ প্রথম স্থান অধিকার করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নির্দেশনা, বিদ্যুৎ বিভাগের কর্মকর্তা-কর্মচারির নিরলস পরিশ্রম এবং দপ্তর-সংস্থার মধ্যে যথাযথ সমন্বয় ও টিম-ওয়ার্কের কারণেই এই সফলতা অর্জন সম্ভব হয়েছে। এজন্য আপনাকে এবং আপনার সহকর্মীদেরকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

‘শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ’ বাস্তবায়নে গত ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থ বছরের সাফল্যের ধারাবাহিকতা আগামী বছরগুলোতেও যেন অব্যাহত থাকে সেটাই কাম্য। ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্য নিয়ে আমাদেরকে আরও বেশি দায়িত্বশীলতা ও উৎসাহের সাথে কাজ করতে হবে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে আমরা দৃষ্ট পদক্ষেপে কাজ করার ব্রত নিয়ে সম্মিলিতভাবে এগিয়ে যাবো এই কামনা করছি। পরিশেষে আপনাদের অক্লান্ত পরিশ্রমলব্ধ অর্জনের জন্য আবারও অভিনন্দন জানাচ্ছি।

শুভেচ্ছা,


নসরুল হামিদ, এমপি

মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ)
চেয়ারম্যান
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড